

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

বিজ্ঞপ্তি

স্মারক নং: উবি-০৬/২০০৭-১০৭০০

তারিখঃ ১৫ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ
১ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ

বিষয়ঃ অভিভাবকদের উদ্দেশ্যে শিক্ষার্থীদের আগমন ও প্রস্থান বিষয়ক নির্দেশনা প্রসঙ্গে।

সম্মানিত অভিভাবকবৃন্দকে নিম্নেবর্ণিত নীতিমালা বজায় রাখার জন্য অনুরোধ করা হলোঃ-

- ১। বিদ্যালয়ে আগমনের সময় সকল অভিভাবকগণ শিক্ষার্থীকে গেটের সামনে দিয়ে ওপারে অবস্থান করবেন।
- ২। শিক্ষার্থী ভেতরে প্রবেশ করা নিশ্চিত করে যথাস্থান পরিত্যাগ করবেন।
- ৩। বিদ্যালয়ে ছুটির সময় শিক্ষার্থীকে নেবার জন্য এপারে দুই নং গেটের সামনে অবস্থান করবেন।
- ৪। বিদ্যালয়ের ২ নং ও ৩ নং গেটের সামনে কোনোরকম মটর সাইকেল, ভাড়াকৃত রিকশা, প্রাইভেট কার নির্ধারিত সময়ে বিদ্যালয়ের গেটে অবস্থান করলে শিক্ষার্থীদের জীবন ঝুঁকিপূর্ণ হয়ে ওঠে। এমতাবস্থায় বিদ্যালয়ের গেটের সামনে এসব না রাখতে অনুরোধ করা হল।
- ৫। বিদ্যালয় ছুটির সময় বিদ্যালয়ের গেটের সামনে কোনোরকম খাবার দ্রব্যাদি ও অন্যান্য পণ্য, ভ্যানগাড়ি ইত্যাদি অবস্থান করতে পারবে না।
- ৬। বিদ্যালয়ে প্রবেশের সময় নির্ধারিত ইউনিফর্ম ও আইডি কার্ড পরিধান করে প্রবেশ করতেই হবে।
- ৭। নির্দিষ্ট অভিভাবক ও লোকাল অভিভাবক ছাড়া শিক্ষার্থীকে বিদ্যালয় হতে কোনো অবস্থাতেই ছাড়া হবে না।
- ৮। বিদ্যালয়ে প্রবেশের পরে অসুস্থ শিক্ষার্থীকে নিতে হলে ১ নং গেইট ব্যবহার করতে হবে এবং সুনির্দিষ্ট প্রমাণাদি দেখিয়ে শিক্ষার্থীকে নিজ দায়িত্বে নিয়ে যেতে হবে।
- ৯। ক্লাস চলাকালীন সময়ে শিক্ষার্থীর বিভিন্ন জিনিসপত্রাদি ও টিফিন সকাল ১০:০০ ঘটিকার পূর্বে ও পরে বিদ্যালয়ের কর্মচারীর নিকট প্রেরণ না করতে অনুরোধ করা হলো।
- ১০। বিদ্যালয়ে ভেতরে নামাজ পড়া ও শৌচাগার ব্যবহারের ক্ষেত্রে যে সকল অভিভাবক বিদ্যালয়ের গেটে বিশ্রামালয়ে অবস্থান করেন, তাদের প্রতি অনুরোধ করা যাচ্ছে যে, পূর্ব থেকে প্রশাসনের মাধ্যমে অনুমতি জ্ঞাপন করে রাখার জন্য অনুরোধ করা যাচ্ছে। এছাড়াও যদি কখনো বিদ্যালয়ে প্রবেশ করতে প্রয়োজন হয়, বিদ্যালয়ে প্রবেশ করতে হলে উপযুক্ত কাজের প্রেক্ষিতে ১ নং গেইট ব্যবহার করার জন্য বলা হলো।
- ১১। বিদ্যালয়ের বিশেষ অনুশীলন ক্লাস চলাকালীন সময়ে কোনো অভিভাবক বিদ্যালয়ের ভেতরে প্রবেশ ও অবস্থান না করার জন্য অনুরোধ করা হলো।
- ১২। বিদ্যালয়ের বিশেষ অনুশীলন ক্লাস শেষ হবার পরে যথারীতি বিদ্যালয় হতে শিক্ষার্থীকে নেয়ার ক্ষেত্রে ২ নং গেইট ব্যবহার করার অনুরোধ করা হলো।
- ১৩। সম্মানিত অভিভাবকগণকে জানানো যাচ্ছে যে, নির্ধারিত সময়ে নিজ সন্তানকে বিদ্যালয় হতে গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হলো।
- ১৪। সম্মানিত অভিভাবকগণকে জানানো যাচ্ছে যে, বিশেষ প্রেক্ষাপটে যেকোনো সমস্যার কারণে শিক্ষার্থীকে নির্দিষ্ট সময়ে বাড়িতে নিয়ে যাওয়া সম্ভব না হওয়ায় শিক্ষার্থী বিদ্যালয়ে অবস্থান করতে পারবে। এমতাবস্থায় শিক্ষার্থী অন্য কারো সাথে বিদ্যালয় হতে বাড়িতে যাবার জন্য শ্রেণিশিক্ষকের মাধ্যমে প্রশাসনকে অবগত করতে হবে।
- ১৫। বিদ্যালয়ে ছুটির সময়সীমার মধ্যে কোনো অভিভাবক কোনো অবস্থাতেই বিদ্যালয়ে প্রবেশ ও অবস্থান না করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
- ১৬। শিশু ও ১ম শ্রেণির শিক্ষার্থীদের অভিভাবকগণ শিক্ষার্থীর নিশ্চয়তার জন্য বিদ্যালয়ের অনেক আগেই অবস্থান করেন। এমতাবস্থায় বিদ্যালয়ে নির্দিষ্ট সময়ের পূর্বে ভিতরে প্রবেশ না করার জন্য অনুরোধ করা যাচ্ছে। শিক্ষার্থীর সঠিক স্থানে পৌঁছানোর জন্য আমরা যথাযথভাবে শিক্ষার্থীর প্রতি যত্নশীল থাকব।
- ১৭। বিদ্যালয়ে নিয়ম-শৃঙ্খলা ও শিক্ষার্থীদের সুনির্দিষ্টভাবে অভিভাবকের নিকট প্রেরণ করার জন্য ও আত্মনির্ভরশীল হয়ে গড়ে ওঠার জন্য উপর্যুক্ত নিয়মাবলী মেনে চলার জন্য সকলের প্রতি অনুরোধ করা হলো।

বিদ্যালয়ের নিয়ম-শৃঙ্খলা ও শিক্ষার্থীদের আদর্শ জীবন গড়ার ক্ষেত্রে সকলের সহযোগিতা আমাদের একান্ত কাম্য। এ নীতিমালা আগামী ২৫ মার্চ ২০১৮ তারিখ রবিবার থেকে প্রযোজ্য হবে।

ড. উম্মে সালেমা বেগম

অধ্যক্ষ